# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪০৬

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ কোন ব্যক্তি ভালো কিছু করলে, তার প্রশংসা করা হলে সেটা তার ভালো কর্মের বদলা হয়ে যায় মর্মে বর্ণনা

ذِكْرُ الْإِخْبَارِ بِأَنَّ الْحَمْدَ لِلْمُسْدِي الْمَعْرُوفَ يَكُونُ جزاء المعروف

আরবী

3406 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ أَبِي مَعْشَرٍ بِحَرَّانَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ وَهْبِ بْنِ أَبِي كَرِيمَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ عَنْ أَبِي عَبْدِ الرَّحِيمِ عَنْ زَيْدِ بْنِ أَبِي أُنَيْسَةَ عَنْ شُرَحْبِيلَ الْأَنْصَارِيِّ: عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ قَالَ: سَمِعْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَنْ أُولِيَ مَعْرُوفًا فَلَمْ يَجِدْ لَهُ خَيْرًا إِلَّا الثَّنَاءَ فَقَدْ شَكَرَهُ وَمَنْ كَتَمَهُ فَقَدْ كَفَرَهُ وَمَنْ تَحَلَّى بِبَاطِلٍ فَهُوَ كلابس ثَوْبَيْ زورٍ)

الراوي : جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3406 | خلاصة حكم المحدث: حسن ـ ((الترمذي)) (2120).

বাংলা

৩৪০৬. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, “যার জন্য  ভালো কিছু করা হয়, অতঃপর সেই ব্যক্তি প্রশংসা করা ছাড়া ভালো কিছু করার মতো কিছু পায় না, তবে সে ব্যক্তি (প্রশংসা করার মাধ্যমে) তার কৃতজ্ঞতা প্রকাশ করলো। আর যে ব্যক্তি সেটাকে গোপন করলো, সে অকৃতজ্ঞতা প্রকাশ করলো। আর যে ব্যক্তি মিথ্যার অলঙ্কার পরিধান করে (না পেয়েও পাওয়ার ভান করে), সে ব্যক্তি মিথ্যার দুই পোশাক পরিহিত ব্যক্তির মতো।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আশ শিহাব: ৪৮৫; ইমাম বুখারী, আদাবুল মুফরাদ: ২১৫; আবূ দাঊদ: ২০৩৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ যঈফ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (আত তিরমিযী: ২১২০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92740

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন